



## স্বেচ্ছাসেবক দলের নেতাকে হত্যা, যুবদল নেতা বহিষ্কার



ছবি: সংগৃহীত

রাজধানীর রমনার মৌচাক এলাকায় সালিশ বৈঠক চলাকালে ছুরিকাঘাতে নিহত হয়েছেন স্বেচ্ছাসেবক দলের সাবেক নেতা বিল্লাল হোসেন তালুকদার (৫৭)। সোমবার (৮ জুন) রাতে আনারকলি মার্কেটের সামনে এ ঘটনা ঘটে।

গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক রাত সোয়া ৯টার দিকে মৃত ঘোষণা করেন। তিনি রমনা থানার ১৯ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সাবেক আহ্বায়ক ছিলেন।

নিহতের স্বজনদের দাবি, সন্ধ্যায় একটি মারামারির ঘটনাকে কেন্দ্র করে সালিশ বৈঠক বসে। সেখানে যুবদলের কয়েকজন নেতাকর্মীর সঙ্গে বিল্লাল হোসেন তালুকদারের বাকবিতণ্ডা হয়। একপর্যায়ে প্রতিপক্ষের লোকজন তাকে ছুরিকাঘাত করে।

বিল্লালের ভাগিনা পরিচয় দেওয়া মোবারক হোসেন আকাশ জানান, হামলার পরপরই তিনি মাটিতে লুটিয়ে পড়েন। পরে দ্রুত হাসপাতালে নেওয়া হলেও তাকে বাঁচানো যায়নি। স্বজনরা জানান, বিল্লাল হোসেন তালুকদারের বাসা মালিবাগ বাগানবাড়ি এলাকায়। সেখানে তার বালু ও সিমেন্টের ব্যবসা ছিল। এর আগে একটি মামলায় গ্রেপ্তারের পর তাকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছিল।

এদিকে, ঘটনার পর অভিযুক্ত দিদারুল ইসলাম বাবুকে দল থেকে বহিষ্কার করেছে জাতীয়তাবাদী যুবদল। একই সঙ্গে রমনা থানা যুবদলের কমিটিও বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।